


# প্রতিবেদন

# কমিউনিটি রেডিও'র মাধ্যমে দুর্যোগ ঝুঁকি হ্রাসে জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের আওতায় বেজলাইন জরিপ ও বিপদাপন্ন জনগণ চিহ্নিতকরণ

জরিপ পরিচালনায়
ও বিএইচএন এ্যাসোসিয়েশন এর সহায়তায় দ্বীপ উন্নয়ন সংস্থা



প্রতিবেদন

কমিউনিটি রেডিও'র মাধ্যমে দুর্যোগ ঝুঁকি হ্রাসে জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের আওতায় বেজলাইন জরিপ ও বিপদাপন্ন জনগণ চিহ্নিতকরণ

# প্রতিবেদন
# কমিউনিটি রেডিও'র মাধ্যমে দুর্যোগ ঝুঁকি হ্রাসে জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের আওতায় বেজলাইন জরিপ ও বিপদাপন্ন জনগণ চিহ্নিতকরণ

**প্রকাশ:** মার্চ ২০১৫

**স্বত্ত্ব:** দ্বীপ উন্নয়ন সংস্থা

**আইএসবিন:**

**জরিপ পরিচালনা**
জেআইসিএ ও বিএইচএন এ্যাসোসিয়েশন এর সহায়তায় দ্বীপ উন্নয়ন সংস্থা

**কারিগরি সহায়তা**
নিরাপদ

# শব্দ-সংক্ষেপ

| | |
|---|---|
| বিবিএস | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ডিইউএস | দ্বীপ উন্নয়ন সংস্থা |
| জেআইসিএ | জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি |
| ইউপি | ইউনিয়ন পরিষদ |
| ইউজেডডিএমসি | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি |
| ভিজিডি | ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট |
| ভিজিএফ | ভালনারেবল গ্রুপ ফিডিং |

# সূচীপত্র


শব্দ-সংক্ষেপ ........ ৪

১. ভূমিকা ........ ৬

১.১. পটভূমি ........ ৬

১.২. উদ্দেশ্যসমূহ ........ ৬

১.৩. পদ্ধতি ........ ৭

১.৪. পরিধি ........ ৭

২. প্রকল্প এলাকার ভৌগোলিক এবং জনসংখ্যাগত বৈশিষ্ট্য ........ ৭

২.১. ভৌগোলিক অবস্থান ও প্রাকৃতিক বৈশিষ্ট্য ........ ৭

২.২ জনসংখ্যাগত বৈশিষ্ট্য ........ ৮

৩. উত্তরদাতা সম্পর্কিত তথ্য ........ ৯

৩.১. ইউনিয়ন অনুযায়ী উত্তরদাতার সংখ্যা ........ ৯

৩.২. উত্তরদাতাদের প্রধান পেশা ........ ১০

৩.৩. উত্তরদাতাদের আয়ের পরিমাণ ........ ১১

৪. দুর্যোগ ও বিপদান্নতায় অপাবরণ ........ ১২

৪.১. উত্তরদাতাদের বাড়ির অবস্থান এবং নদী হতে দূরত্ব ........ ১২

৪.২. উত্তরদাতা পরিবারের বাড়িঘরের গঠন প্রকৃতি ........ ১৩

৪.৩. উত্তরদাতা পরিবারের বসতভিটা ও আবাদি জমির মালিকানা ........ ১৪

৪.৪. সামাজিক নিরাপত্তা বলয়ের অন্তর্ভুক্ত উত্তরদাতা পরিবার ........ ১৬

৪.৫. উত্তরদাতা পরিবারের দুর্যোগ পূর্বাভাস প্রাপ্তির সুযোগ ........ ১৬

৪.৬. উত্তরদাতা পরিবারের রেডিও সম্প্রচার শোনার সুযোগ ........ ১৭

৪.৭. উত্তরদাতা পরিবারে রেডিও শ্রোতাক্লাব প্রতিষ্ঠার আগ্রহ ও সুযোগ ........ ১৮

৪.৮. আশ্রয়কেন্দ্রের অবস্থান এবং গমনোপযোগিতা ........ ১৯

৫. উপসংহার ........ ২০

তথ্যসূত্র ........ ২১

*পরিশিষ্ট ১: ইউনিয়ন অনুযায়ী ৬,০০০ উত্তরদাতা পরিবারের (বিপদাপন্ন) তালিকা* ........ ২২

*পরিশিষ্ট ২: জরিপ কাজে অংশগ্রহণকারী স্বেচ্ছাসেবীদের তালিকা* ........ ২৩

# ১. ভুমিকা

## ১.১.পটভূমি

কমিউনিটি রেডিও স্থানীয় জনগোষ্ঠীরজন্য স্থানীয় তথ্য সম্প্রচার করে। জনগোষ্ঠীতে তথ্য আদান-প্রদানের এটি অন্যতম প্রধান একটি মাধ্যম। কমিউনিটি রেডিও আপদপ্রবণ সমুদ্র উপকূলবর্তী এলাকায় অবস্থিত জনগোষ্ঠীকেদুর্যোগ বিষয়ে সচেতনকরার মাধ্যমে দুর্যোগ মোকাবেলায়, বিশেষ করে, পূর্ব সতর্কতা, প্রস্তুতি এবং প্রশমনে, গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এই বিষয়টি বিবেচনা করে, দ্বীপ উন্নয়ন সংস্থা (ডিইউএস), বিএইচএন এ্যাসোসিয়েসন এর সহায়তায় নোয়াখালি জেলার হাতিয়া উপজেলায়একটি কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনের লক্ষ্যে 'কমিউনিটি রেডিও'র মাধ্যমে দুর্যোগ ঝুঁকি হ্রাসে জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধি' প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পটিতে আর্থিক সহায়তা প্রদান করছে জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জেআইসিএ)।

প্রস্তাবিত প্রকল্প এলাকা, হাতিয়া, বাংলাদেশের মুল ভূখন্ড থেকে বিচ্ছিন্ন এবং বঙ্গোপসাগর বেষ্টিত একটি দ্বীপ। ভৌগোলিক অবস্থানগত কারণে দ্বীপটি অধিক দুর্যোগপ্রবণ এলাকা হিসাবে চিহ্নিত। এখানকার মানুষ প্রতিনিয়তবিভিন্ন ধরণের প্রাকৃতিক আপদ (যেমন- ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বন্যা, নদীভাঙ্গন, টর্নেডো)মোকাবেলা করে বসবাস করে। দ্বীপ উন্নয়ন সংস্থা বিশ্বাস করে যে, কমিউনিটি রেডিও পূর্ব সতর্কতা, প্রস্তুতি এবং প্রশমন সহ দুর্যোগঝুঁকিহ্রাস সংক্রান্ত বিভিন্ন তথ্য সম্প্রচারেরমাধ্যমে দ্বীপটির মানুষের দুর্যোগ ঝুঁকি হ্রাসে সহায়তা করতে সক্ষম হবে। এছাড়াও কমিউনিটি রেডিও শিক্ষা, স্বাস্থ্য, প্রযুক্তি, বিকল্প আয়ের উৎস, জেন্ডার ইস্যু ইত্যাদি সংক্রান্ত বিস্তারিত তথ্য সম্প্রচারের মাধ্যমে তৃণমূল জনগোষ্ঠীর জীবন-জীবিকা এবং আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখবে।

প্রকল্পকার্যক্রম শুরু করার জন্য দ্বীপ উন্নয়ন সংস্থা জরিপের মাধ্যমে জনগোষ্ঠীর বর্তমান অবস্থা সম্পর্কে জানার পরিকল্পনা করে। এই জরিপের মূল লক্ষ্য হচ্ছে প্রকল্প এলাকায় অবস্থিতবিপদাপন্নপরিবারের তালিকা তৈরি করা যারা সরাসরি এই প্রকল্পের মাধ্যমে লাভবান হবে। এছাড়াও এটি প্রস্তাবিত এলাকারবেজলাইন তথ্য (আর্থ-সামাজিক, দুর্যোগ, বিপদাপন্নতা এবংতথ্য ও সেবায় প্রবেশাধিকার সংক্রান্ত) প্রদান করবে।

## ১.২. উদ্দেশ্যসমূহ

জরিপটির সার্বিক উদ্দেশ্য হলপ্রকল্প এলাকায় অবস্থিত বিপদাপন্ন জনগণকেচিহ্নিত করা এবংদুর্যোগ ঝুঁকিহ্রাস সংক্রান্ত তথ্যে প্রবেশাধিকার বিষয়ে তাদের জ্ঞান ও চর্চা সম্পর্কে ধারণা লাভ করা।

এর সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরূপ-

- বিপদাপন্ন পরিবারের তালিকা তৈরি করা যারা সরাসরি এই প্রকল্পের মাধ্যমে লাভবান হবে[১]।
- বেজলাইন তথ্য (আর্থ-সামাজিক, দুর্যোগ, বিপদাপন্নতা এবং তথ্য ও সেবায় প্রবেশাধিকার সংক্রান্ত) সংগ্রহ করা।

[১]এই তালিকাটি হাতিয়া উপজেলা প্রশাসনের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে জমা দেয়া হবে।

## ১.৩.পদ্ধতি

জরিপটিতে দ্বিতীয় পর্যায়ের তথ্য পর্যালোচনা ও খানাভিত্তিক প্রশ্নমালা জরিপ পরিচালনাকরা হয়েছে। দ্বিতীয় পর্যায়ের তথ্যের মধ্যে রয়েছেপ্রকল্প বিষয়ক দলিল(যেমন- প্রকল্প প্রস্তাবনা); জরিপএলাকার জনসংখ্যা বিষয়ক (বয়স, লিঙ্গ) দলিল (যেমন- আদমশুমারি প্রতিবেদন) এবং ভৌগোলিক (অবস্থান, ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্য) দলিল (যেমন- ভৌগোলিক অবস্থা সংক্রান্ত প্রতিবেদন)। খানাভিত্তিক প্রশ্নমালা জরিপের মাধ্যমে প্রাথমিক তথ্য সংগ্রহ করা হয়েছে। হাতিয়া উপজেলার আটটি ইউনিয়নের (বুড়ির চর, চর কিং, চর ঈশ্বর, জাহাজমারা, নলছিরা, সোনাদিয়া, সুখ চর এবং তামারুদ্দিন) ২৭ টি ঝুঁকিপূর্ণ এলাকার ৬,০০০ বিপদাপন্ন পরিবারকে নমুনা হিসাবে নেয়া হয়েছে। বিপদাপন্ন পরিবারসমুহের তালিকা তৈরির লক্ষ্যে ইউনিয়ন পরিষদে বিদ্যমান হতদরিদ্র পরিবারের তালিকা পর্যালোচনার মাধ্যমে ৬,০০০ বিপদাপন্ন পরিবারেকে বাছাই করা হয়েছে। জরিপের তথ্যসমূহ পরিসংখ্যানের মাধ্যমে বিশ্লেষণ করা হয়েছে। বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত তথ্য যাচাই ও বিশ্লেষণের মাধ্যমে করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে ।



*ছবি: দ্বীপ উন্নয়ন সংস্থার স্বেচ্ছাসেবী কর্তৃক প্রশ্নমালা জরিপ পরিচালনা*


## ১.৪. পরিধি

জরিপটির পরিধি হল ২৭টি ঝুঁকিপূর্ণ এলাকার অধিক বিপদাপন্ন পরিবারেরতথ্য সংগ্রহ করা। এর মধ্যে রয়েছে খানাভিত্তিক প্রশ্নমালা জরিপ এবংপ্রকল্প এলাকার ভৌগোলিক ও জনসংখ্যা বিষয়ক তথ্য সহ প্রাসঙ্গিক তথ্যসমূহ পর্যালোচনা করা।

# ২. প্রকল্প এলাকার ভৌগোলিক এবং জনসংখ্যাগত বৈশিষ্ট্য

## ২.১. ভৌগোলিক অবস্থান ও প্রাকৃতিক বৈশিষ্ট্য

জরিপ এলাকার মধ্যে রয়েছে নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার আটটি ইউনিয়নের (বুড়ির চর, চর ঈশ্বর, চর কিং, জাহাজমারা, নলছিরা, সোনাদিয়া, সুখ চর এবং তামারুদ্দিন) ২৭টি ঝুঁকিপূর্ণ এলাকা। হাতিয়া উপজেলাটি উত্তরে ২২°০৭ ও ২২°৩ অক্ষাংশ এবং পূর্বে ৯০°৫৬ ও ৯১°১১ দ্রাঘিমাংশের মধ্যে অবস্থিত (বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ২০১২) ।উপজেলাটি পদ্মা-মেঘনা নদীর মোহনায় অবস্থিত এবং এটি উত্তরে নোয়াখালী সদর উপজেলা, দক্ষিণ ও পূর্বে বঙ্গোপসাগর এবং পশ্চিমে ভোলা জেলার মনপুরা উপাজেলা দ্বারা বেষ্টিত।




## ২.২ জনসংখ্যাগতবৈশিষ্ট্য

হাতিয়া উপজেলায় মোট ৯১,০১৩ পরিবারে ৪৫২,৪৬৩ জন ব্যক্তিবাস করে। এর মধ্যে ৬,০০০ পরিবারের ৩২,৯৩০ জন ব্যক্তি ঝুঁকিপূর্ণ স্থানে বসবাস করে। ঝুঁকিপূর্ণ স্থানসমূহ আটটি ইউনিয়নের (বুড়ির চর, চর ইশ্বর, চর কিং, জাহাজমারা, নলছিরা, সোনাদিয়া, সুখ চর এবং তামারুদ্দিন) অন্তর্গত। জরিপকৃত ইউনিয়নের মধ্যে বুড়ীর চরে সর্বোচ্চ

২,০৭৭টি বিপদাপন্ন পরিবারে ১১,৪৭১ জন এবং নালছিরায় সর্বনিম্ন ২৪৭টি বিপদাপন্ন পরিবারে ১,৩১২ জন ব্যক্তি বাস করে।

**সারণী ১ ঃ হাতিয়া উপজেলা ও জরিপকৃত ঝুঁকিপূর্ণ স্থানসমূহের পরিবার ও জনসংখ্যা**

| ইউনিয়ন ও পৌরসভার নাম | হাতিয়া উপজেলার পরিবার ও জনসংখ্যা | | জরিপকৃত ঝুঁকিপূর্ণ স্থানসমূহের পরিবার ও জনসংখ্যা* | |
|---|---|---|---|---|
| | পরিবার | জনসংখ্যা | পরিবার | জনসংখ্যা |
| বুড়ির চর | ৯,৮৩২ | ৫৩,৭৪৩ | ২,০৭৭ | ১১,৪৭১ |
| চর ঈশ্বর | ৫,৪০২ | ২৬,২২৮ | ৯০৩ | ৪,৫৯০ |
| চর কিং | ৮,২৫৩ | ৪০,০৭২ | ৫৬৪ | ৩,১৩৬ |
| জাহাজমারা | ১০,২৮১ | ৫৬,০০৫ | ২৯৯ | ১,৮৬৬ |
| নলছিরা | ১,৪৩৮ | ১২,৫৬৩ | ২৪৭ | ১,৩১২ |
| সোনাদিয়া | ৬,২৪৯ | ৩৪,১৮৩ | ৬০৫ | ৩,৪৬৭ |
| সুখ চর | ২,৬৩০ | ১০,৫৬৯ | ৬৭৫ | ৩,৬১১ |
| তামারুদ্দিন | ৬,১৭৭ | ২৭,৯৭৯ | ৬৩০ | ৩,৪৭৭ |
| নিঝুম দ্বীপ | ২,৪৬৪ | ১২,৭৯৬ | - | - |
| হারনি | ১১,০৬৬ | ৫৩,০১৪ | - | - |
| চাঁদনন্দিনি | ১৮,১৯৫ | ৮০,৫০৯ | - | - |
| হাতিয়া পৌরসভা | ৯,০২৬ | ৪৪,৮০২ | - | - |
| **হাতিয়া উপজেলার মোট ইউনিয়ন ও পৌরসভা** | **৯১,০১৩** | **৪৫২,৪৬৩** | ৬,০০০ | ৩২,৯৩০ |

***উৎস ঃ আদমশুমারি ২০১১, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং মাঠ পর্যায়ে জরিপ***

*ঝুঁকি পূর্ণ স্থানসমুহ উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক চিহ্নিত। তারা নিঝুম দ্বীপ, হারনি, চাঁদনন্দিনী ইউনিয়ন এবং হাতিয়া পৌরসভার কোন স্থানকে ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করেন নি।

# ৩. উত্তরদাতা সম্পর্কিত তথ্য

## ৩.১. ইউনিয়ন অনুযায়ী উত্তরদাতার সংখ্যা

বর্তমান জরিপটি হাতিয়া উপজেলার আটটি ইউনিয়নের (নলচিরা, বুড়ির চর, তামারুদ্দিন, জাহাজমারা, চর কিং, চর ঈশ্বর, সোনাদিয়া ও সুখ চর) অন্তর্গত ২৭টা ঝুঁকিপূর্ণ এলাকার (আঠার বেকি, উত্তর করালিয়া, দক্ষিণ করালিয়া, ক্ষিরোদিয়া, আলাদি গ্রাম, আসকা বাজার, বাংলা বাজার, দক্ষিণ বড় দেইল, পূর্ব বড় দেইল, রেহানিয়া, রহমত বাজার, শুণ্যের চর, পন্ডিত গ্রাম, রাজার হাওলা, লম্বরিয়া, উত্তর নলছিরা, কলা পাড়া, উত্তর মাইজচরা, দক্ষিণ মাইজচরা, চর চেঙ্গা,কাটাখালি, কাহার পাড়া, চর আমানাতুল্লাহ, ঢাল চর, চর বগুলা, জেলে পাড়া, এবং শুল্লুকিয়া) ছয় হাজার বিপদাপন্ন পরিবারের উপরে পরিচালিত হয়েছে যা উপজেলাটির মোট পরিবারের প্রায় বারো শতাংশ। উত্তরদাতাদের মধ্যে সর্বোচ্চ ও সর্বোনিম্ন প্রতিনিধিত্ব রয়েছেবুড়ির চর ইউনিয়নের অন্তর্গত পূর্ব বড় দেইল (৬.৯%) এবং সুখ চর ইউনিয়নের অন্তর্গত ঢাল চর (১.১৯%) এলাকায়। *[ইউনিয়ন অনুযায়ী ৬,০০০ উত্তরদাতার তালিকা পরিশিষ্ট-১ প্রদান করা হল]।*

২৭টি ঝুঁকিপূর্ণ এলাকায় বসবাসকারী উত্তরদাতা পরিবারের সদস্য সংখ্যা ছিল প্রায় ৩২,৯৩০ জন। এর মধ্যে চারটি ঝুঁকিপূর্ণ এলাকার (তামারুদ্দিন ইউনিয়নের অন্তর্গত ক্ষিরোদিয়া, চর ঈশ্বর ইউনিয়নের অন্তর্গত লম্বরিয়া, সুখ চর ইউনিয়নের অন্তর্গত চর আমানুলাহ এবং চর কিং ইউনিয়নের অন্তর্গত শুল্লুকিয়া) নারী সদস্যের হার প্রায় ৫৪ শতাংশ। তবে,অন্যান্য এলাকায় পুরুষ ও নারী সদস্যের হার প্রায় সমান (সারণী ২ দ্রষ্টব্য)।


**সারণী ২ ঃ ইউনিয়ন অনুযায়ী উত্তরদাতার সংখ্যা**

| ইউনিয়নের নাম | ঝুঁকিপূর্ণ স্থান | খানা সংখ্যা | মোট উত্তরদাতার সংখ্যা | নারী (%) |
|---|---|---|---|---|
| তামারুদ্দিন | আঠার বেকী | ২০০ | ১,১০৩ | ৫০.৫ |
| | উত্তর করালিয়া | ১৪৬ | ৭৪৫ | ৪৯.৫ |
| | দক্ষিণ করালিয়া | ১৩৯ | ৭৯৭ | ৪৯.২ |
| | ক্ষিরোদিয়া | ১৪৫ | ৮৩২ | ৫৩.৮ |
| বুড়ির চর | আলাদি গ্রাম | ২৬০ | ১,৪৩২ | ৫১.২ |
| | আসকা বাজার | ৩৩৫ | ১,৮৬৫ | ৪৯.৯ |
| | দক্ষিণ বড় দেইল | ২৫৫ | ১,৩৭৫ | ৪৭.৩ |
| | পূর্ব বড় দেইল | ৪২৪ | ২,২৬৩ | ৪৯.৮ |
| | রেহানিয়া | ৩৫০ | ১,৯৬৮ | ৫০.২ |
| | রহমত বাজার | ২০০ | ১,১৫৪ | ৫১.৮ |
| | শুণ্যের চর | ২৫৩ | ১,৪১৪ | ৪৯.৯ |
| চর ঈশ্বর | পন্ডিত গ্রাম | ৩১২ | ১,৬৩৭ | ৪৯.৪ |
| | বাংলা বাজার | ২৩৮ | ১,৩১৯ | ৫০.৩ |
| | রাজারহাওলা | ২২৩ | ৯৩৬ | ৫১.৫ |
| | লম্বরিয়া | ১৩০ | ৬৯৮ | ৫৪ |
| নলছিরা | উত্তর নলছিরা | ১২০ | ৬১৭ | ৫২.৫ |
| | কলাপাড়া | ১২৭ | ৬৯৫ | ৪৯.৯ |
| সোনাদিয়া | উত্তর মাইজচরা | ১২৫ | ৬৭৬ | ৫০.৭ |
| | দক্ষিণ মাইজচরা | ১৮০ | ১১২০ | ৪৮.৫ |
| | চর চেঙ্গা | ৩০০ | ১৬৭১ | ৫০.২ |
| জাহাজমারা | কাঠাখালী | ২৯৯ | ১৮৬৬ | ৫০.০ |
| সুখ চর | কাঁহার পাড়া | ৩৩০ | ১৭৩২ | ৪৮.১ |
| | চর আমানুলাহ | ২৬৫ | ১৪৮৮ | ৫৩.৮ |
| | ঢাল চর | ৮০ | ৩৯১ | ৪৯.৪ |
| চর কিং | চর বগুলা | ১৬৫ | ৯১৭ | ৪৮.৫ |
| | জেলেপাড়া | ২৫২ | ১৩৯৫ | ৫০.৪ |
| | শুলুকিয়া | ১৪৭ | ৮২৪ | ৫৩.৬ |
| | **সকল ঝুঁকিপূর্ণ স্থান** | **৬,০০০** | **৩২,৯৩০** | **৫০.৩** |

## ৩.২.উত্তরদাতাদের প্রধান পেশা

বিপদাপন্ন পরিবারের পূর্বপ্রস্তুতকৃততালিকা হতে উত্তরদাতাদেরকে বাছাই করা হয়েছিল। তাদের প্রধান পেশার দিকে লক্ষ্য করলেই তাদের বিপদান্নতা আঁচ করা যায়। তাদের তিন-চতুর্থাংশই দৈনিক কর্মসংস্থানের (যথা-কৃষি মজুর, দিন মজুর, যানবাহন শ্রমিক, রিক্সা চালক, জেলে, মাঝি ইত্যাদি) উপর নির্ভরশীল। এরমধ্যে শুধুমাত্র দিন মজুরির উপর নির্ভরশীলতা রয়েছে প্রায় ত্রিশ শতাংশ উত্তরদাতার (গ্রাফ ১ দ্রষ্টব্য)।

**গ্রাফ ১ঃ উত্তরদাতাদের প্রধান পেশাসমুহ (%)**




## ৩.৩.উত্তরদাতাদের আয়ের পরিমাণ

জরিপ এলাকার অধিকাংশ বিপদাপন্ন পরিবারই অপেক্ষাকৃত দরিদ্র। প্রায় তিন-চতুর্থাংশ উত্তরদাতার মাসিক আয় সাত হাজার টাকার নিচে এবং প্রায় পঞ্চাশ শতাংশ (৫২.৯%) উত্তরদাতার মাসিক আয় তিন থেকে সাত হাজার এর মধ্যে। এমনকি প্রায় তিন শতাংশ (২.৮%) উত্তরদাতার মাসিক আয় এক হাজার টাকার নিচে; এরমধ্যে চর ঈশ্বর ইউনিয়নের রাজার হাওলায় প্রায় চৌদ্দ শতাংশ (১৩.৫%) উত্তরদাতারই আয় এমন। অপরপক্ষে, মোট উত্তরদাতার মাত্র দুই শতাংশের মাসিক আয় দশ হাজার টাকার উপরে (সারণী ৩ দ্রষ্টব্য)।

**সারণী ৩ ঃ উত্তরদাতাদের মাসিক আয়ের পরিমাণ**

| ইউনিয়নের নাম | ঝুঁকিপূর্ণ স্থান | ০-১০০০(%) | ১০০১ - ৩০০০ (%) | ১১০০১-২০০০০ (%) | ২০০০০-৩০০০০ (%) | ৩০০০১-৪০০০০ (%) | ৩০০১-৭০০০ (%) | ৭০০১-১১০০০ (%) |
|---|---|---|---|---|---|---|---|---|
| তামারুদ্দিন | আঠার বেকী | ১.০ | ৪৩.৫ | ০.৫ | - | - | ৪৯.৫ | ৫.৫ |
| | উত্তর করালিয়া | ১.৪ | ৭.৫ | ১.৪ | - | - | ৮৩.৬ | ৬.২ |
| | দক্ষিণ করালিয়া | - | ৫.৮ | ১.৪ | - | - | ৬১.৯ | ৩০.৯ |
| | ক্ষিরোদিয়া | ২.৮ | ১৩.৮ | ৪.৮ | ১.৪ | - | ৬১.৪ | ১৫.৯ |
| বুড়ির চর | আলাদি গ্রাম | ১.২ | ২৪.৬ | - | - | - | ৭২.৭ | ১.৫ |
| | আসকা বাজার | ৫.১ | ৫২.৫ | - | - | - | ৪১.৮ | ০.৬ |
| | দক্ষিণ বড় দেইল | ২.০ | ৪.৭ | ২.০ | - | - | ৮৭.১ | ৪.৩ |
| | পূর্ব বড় দেইল | ৯.২ | ২২.৯ | ০.৭ | - | - | ৬০.৮ | ৬.৪ |
| | রেহানিয়া | ০.৬ | ৫.৪ | ০.৬ | ১.৪ | - | ৫১.৭ | ৪০.৩ |
| | রহমত বাজার | ৩.৫ | ৭.০ | ৩.৫ | ২.০ | - | ৩৮.৫ | ৪৫.৫ |
| | শুণ্যের চর | ১.২ | ২০.৬ | ৭.৫ | ০.৪ | - | ৬২.৮ | ৭.৫ |
| চর ঈশ্বর | পন্ডিত গ্রাম | ৫.৪ | ৩২.১ | - | - | - | ৬০.৬ | ১.৯ |
| | বাংলা বাজার | ৩.৪ | ২৩.৫ | ০.৪ | - | - | ৬৬.৪ | ৬.৩ |
| | রাজারহাওলা | ১৩.৫ | ৩২.৩ | - | ০.৪ | - | ৫০.৭ | ৩.১ |
| | লম্বরিয়া | ৫.৪ | ২.৩ | ০.৮ | - | - | ৭০.০ | ২১.৫ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| নলছিরা | উত্তর নলছিরা | - | - | ৫৫.৮ | ০.৮ | - | - | ৪৩.৩ |
| | কলাপাড়া | - | - | ৩১.৫ | ৭.১ | - | ২৩.৬ | ৩৭.৮ |
| সোনাদিয়া | উত্তর মাইজচরা | ০.৮ | ১৭.৬ | ৪.০ | ০.৮ | - | ৬৮.৮ | ৮.০ |
| | দক্ষিণ মাইজচরা | ১.১ | ১০.৬ | ৮.৩ | ০.৬ | - | ৬১.৭ | ১৭.৮ |
| | চর চেঙ্গা | ০.৩ | ২.০ | ১২.৭ | ২.৩ | - | ৫০.৩ | ৩২.৩ |
| জাহাজমারা | কাঠাখালী | ১.০ | ২.৩ | ১০.০ | ১.৩ | - | ৫৬.৫ | ২৮.৮ |
| সুখ চর | কাঁহার পাড়া | ০.৯ | ২৪.৫ | ০.৩ | - | - | ৭০.৬ | ৩.৬ |
| | চর আমানুল্লাহ | ০.৪ | ০.৮ | ২৪.৯ | ৪.২ | - | ২২.৬ | ৪৭.২ |
| | ঢাল চর | - | - | ৫৩.৮ | ১.৩ | - | ২.৫ | ৪২.৫ |
| চর কিং | চর বগুলা | - | - | ৭৭.০ | ১০.৯ | ০.৬ | ৩.০ | ৮.৫ |
| | জেলেপাড়া | ৪.৪ | ২০.২ | ৬.৩ | ০.৪ | - | ৫৫.৬ | ১৩.১ |
| | শুল্লুকিয়া | ৩.৪ | ১২.৯ | ৩৭.৪ | ২.৭ | ০.৭ | ১০.২ | ৩২.৭ |
| | **সকল ঝুঁকিপূর্ণ স্থান** | **২.৮** | **১৬.৬** | **৯.২** | **১.২** | **০.০** | **৫২.৯** | **১৭.১** |

# ৪. দুর্যোগ ও বিপদান্নতায় অপাবরণ

## ৪.১.উত্তরদাতাদের বাড়ির অবস্থান এবং নদী হতে দূরত্ব

নদীভাঙ্গন, বন্যা ও জোয়ার-সৃষ্ট বন্যাপ্রতিরোধে বাঁধ একটি গুরুত্বপূর্ণ উপায়। অথচ জরিপকৃত এলাকার প্রায় তেষট্টি শতাংশ বাড়িঘরের অবস্থান বাঁধের বাইরে। এর ফলে তারা জলোচ্ছ্বাস ও জোয়ার-সৃষ্ট বন্যায় আক্রান্ত হওয়ার তীব্র ঝুঁকিতে রয়েছে। এরমধ্যে তামারুদ্দিন ইউনিয়নের আঠার বেকি, উত্তর করালিয়া ও দক্ষিণ করালিয়া এবং সুখ চর ইউনিয়নের ঢাল চরের অবস্থা সবচেয়ে শোচনীয়; এখানকার প্রায় সব বাড়িঘরই বাঁধের বাইরে। নলছিরা ইউনিয়নের উত্তর নলছিরা, সোনাদিয়া ইউনিয়নের উত্তর মাইজচরা এবং সুখ চর ইউনিয়নের কাঁহার পাড়ার ক্ষেত্রে এই হার তুলনামুলকভাবে কম; এই এলাকাগুলোর প্রায় দশ শতাংশের কম (যথাক্রমে ৫.৮%, ৬.৪% এবং ১০%) বাড়িঘর বাঁধের বাইরে। অন্যদিকে, জরিপকৃত এলাকার বাড়িঘরের প্রায় পঁচানব্বই শতাংশই (৯৫.৩%) নিকটস্থ নদীর এক কিলোমিটারের মধ্যে অবস্থিত (সারণী ৪ দ্রষ্টব্য)। এর ফলে তারা নদীভাঙ্গনের কবলে পড়ার তীব্র ঝুঁকিতে রয়েছে।

**সারণী ৪ঃ উত্তরদাতা পরিবারের বসতবাড়ির অবস্থান এবং নদী হতে দুরত্ব**

| ইউনিয়নেরনাম | ঝুঁকিপূর্ণ স্থান | বাঁধের বাইরে (%) | দী হতে দুরত্ব <১ কিমি (%) |
|---|---|---|---|
| তামারুদ্দিন | আঠার বেকী | ১০০.০ | ৭৫ |
| | উত্তর করালিয়া | ১০০.০ | ১০০.০ |
| | দক্ষিণ করালিয়া | ১০০.০ | ৯৯.৩ |
| | ক্ষিরোদিয়া | ১০০.০ | ১০০.০ |
| বুড়ির চর | আলাদি গ্রাম | ৯০ | ১০০.০ |
| | আসকা বাজার | ৯২.৮ | ৯৬.৪ |
| | দক্ষিণ বড় দেইল | ৩১.৮ | ৮২.৪ |
| | পূর্ব বড় দেইল | ৫৮.৯ | ৮৪.৭ |
| | রেহানিয়া | ৯৬.৬ | ১০০.০ |
| | রহমত বাজার | ৮৮.৪ | ১০০.০ |
| | শুণ্যের চর | ৯৮.৮ | ৯৯.৬ |
| চর ঈশ্বর | পন্ডিত গ্রাম | ৮৬.৯ | ৯২.৬ |
| | বাংলা বাজার | ৭১.৪ | ৯৪.৫ |

| | | | |
|---|---|---|---|
| | রাজারহাওলা | ২৬.৫ | ১০০.০ |
| | লম্বরিয়া | ৬৫.৪ | ১০০.০ |
| নলছিরা | উত্তর নলছিরা | ৫.৮ | ৮৪.২ |
| | কলাপাড়া | ১৮.১ | ৮৫.০ |
| সোনাদিয়া | উত্তর মাইজচরা | ৬.৪ | ৭৯.২ |
| | দক্ষিণ মাইজচরা | ৩১.৭ | ১০০.০ |
| | চর চেঙ্গা | ৪৭.৩ | ১০০.০ |
| জাহাজমারা | কাঠাখালী | ৫৩.৫ | ৯৬.৯ |
| সুখ চর | কাঁহার পাড়া | ১০.০ | ১০০.০ |
| | চর আমানুল্লাহ | ২১.৯ | ১০০.০ |
| | ঢাল চর | ১০০.০ | ১০০.০ |
| চর কিং | চর বগুলা | ৫৮.৮ | ১০০.০ |
| | জেলেপাড়া | ৭১.৮ | ৯৯.৬ |
| | শুলুকিয়া | ৪৮.৯ | ১০০.০ |
| **সকল ঝুঁকিপূর্ণ স্থান** | | ৬২.৭ | ৯৫.৩ |

## ৪.২.উত্তরদাতা পরিবারের বাড়িঘরের গঠন প্রকৃতি

উত্তরদাতাদের মধ্যে কারো ঘূর্ণিঝড় প্রতিরোধক্ষম পাকা বাড়ি নেই। এমনকি আধাপাকা বাড়ির(ইটের দেয়াল ও সিআই শিটের চাল) সংখ্যাও অত্যন্ত খুব কম। জাহাজমারা ইউনিয়নের কাটাখালি এলাকায় মাত্র ১% এবং তামারুদ্দিন ইউনিয়নের দক্ষিণ করালিয়া এলাকায় ১.৪% আধাপাকা বাড়ি রয়েছে। তবে সব ইউনিয়নের ক্ষেত্রে তা আরও কম, মাত্র ০.২%। অধিকাংশই (৭১.২%) কাঠ ও টিনের তৈরি কাঁচা বাড়ি। এক্ষেত্রে, ঘূর্ণিঝড়ের সময় চালের টিন উড়ে গিয়ে জীবনহানির আশংকা থাকে। অন্যদিকে, মোট বাড়িঘরের প্রায় ছাব্বিশ শতাংশ (২৫.৩%) খড় ও ছনের তৈরি ঝুপড়ি এবং তিন শতাংশ (৩.৩%) পলিথিনের তৈরি অস্থায়ী বাড়ি, যেগুলো অত্যন্ত ঝুঁকিপূর্ণ (সারণী ৫ দ্রষ্টব্য)।

**সারণী ৫ঃ বাড়ি ঘরেরগঠনপ্রকৃতি**


| ইউনিয়নের নাম | ঝুঁকিপূর্ণ স্থান | ইটের দেয়াল ও সিআই শিটের চাল সম্পন্ন আধাপাকা বাড়ি (%) | কাঠ ও টিনের তৈরি কাঁচা (%) | খড় ও ছনের তৈরি ঝুপড়ি (%) | পলিথিনের তৈরি অস্থায়ীবাড়ি (%) |
|---|---|---|---|---|---|
| তামারুদ্দিন | আঠার বেকী | - | ৬৬.৫ | ৩১.০ | ২.৫ |
| | উত্তর করালিয়া | - | ৭৮.৮ | ১৯.৯ | ১.৪ |
| | দক্ষিণ করালিয়া | ১.৪ | ৪১.০ | ৫৪.৭ | ২.৯ |
| | ক্ষিরোদিয়া | - | ৬২.১ | ৩৭.২ | ০.৭ |
| বুড়ির চর | আলাদি গ্রাম | - | ৬৩.৫ | ৩৬.২ | ০.৪ |
| | আসকা বাজার | - | ৮৮.৪ | ১১.৬ | - |
| | দক্ষিণ বড় দেইল | ০.৮ | ৯০.৬ | ৭.১ | ১.৬ |
| | পূর্ব বড় দেইল | - | ৪৯.৫ | ৩৭.৭ | ১২.৭ |
| | রেহানিয়া | - | ৮৪.৬ | ১২.৩ | ৩.১ |
| | রহমত বাজার | - | ৭৯.৫ | ১২.০ | ৮.৫ |
| | শুণ্যের চর | - | ৭৩.১ | ২২.৯ | ৪.০ |
| চর ঈশ্বর | পন্ডিত গ্রাম | ০.৩ | ৭৬.৯ | ১০.৯ | ১১.৯ |
| | বাংলা বাজার | - | ৮৯.৫ | ৯.২ | ১.৩ |
| | রাজারহাওলা | ০.৪ | ৭৩.১ | ২৪.২ | ২.২ |
| | লম্বরিয়া | - | ৯৪.৬ | ৩.৮ | ১.৫ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| নলছিরা | উত্তর নলছিরা | - | ৮৫.৮ | ১৪.২ | - |
| | কলাপাড়া | - | ৮০.৩ | ১৯.৭ | - |
| সোনাদিয়া | উত্তর মাইজচরা | - | ৪৬.৪ | ৫৩.৬ | - |
| | দক্ষিণ মাইজচরা | - | ৭০.০ | ৩০.০ | - |
| | চর চেঙ্গা | ০.৭ | ৬৪.৭ | ৩৪.৩ | ০.৭ |
| জাহাজমারা | কাঠাখালী | ১.০ | ৮৭.৬ | ১১.৪ | - |
| সুখ চর | কাঁহার পাড়া | ০.৩ | ৭২.৭ | ২৩.৩ | ৩.৬ |
| | চর আমানুল্লাহ | - | ৬৮.৭ | ২৯.৪ | ১.৯ |
| | ঢাল চর | - | ২৩.৮ | ৭৬.৩ | - |
| চর কিং | চর বগুলা | - | ৫৬.৪ | ৪৩.৬ | - |
| | জেলেপাড়া | - | ৫১.৬ | ৩৯.৭ | ৮.৭ |
| | শুল্লুকিয়া | - | ৫৯.৯ | ৪০.১ | - |
| **সকল ঝুঁকিপূর্ণ স্থান** | | **০.২** | **৭১.২** | **২৫.৩** | **৩.৩** |

## ৪.৩.উত্তরদাতা পরিবারের বসতভিটা ও আবাদি জমির মালিকানা

উত্তরদাতা পরিবারের প্রায় চুয়াল্লিশ শতাংশের (৪৩.৮%) নিজের বসতভিটা থাকলেও নিজস্ব আবাদি জমি রয়েছে কেবলমাত্র প্রায় দশ শতাংশের (১০.২%)। এর মধ্যে বুড়ির চর ইউনিয়নের রেহানিয়া, আলাদি গ্রাম, আসকা বাজার ও শুণ্যের চর (যথাক্রমে ০.৬%, ০.৮%, ১.২% ও ১.৬%), তামারুদ্দিন ইউনিয়নের আঠার বেকি ও উত্তর করালিয়া (যথাক্রমে ১.০% ও ১.৪%) এবং চর ঈশ্বর ইউনিয়নের রাজার হাওলা (১.৮%) এলাকার দুই শতাংশের নিচে উত্তরদাতা পরিবারেরনিজস্ব আবাদি জমি রয়েছে। পাশাপাশি বুড়ির চর ইউনিয়নের রেহানিয়াতে অধিকাংশ উত্তরদাতা পরিবারের বসতভিটার জন্য নিজস্ব কোন জমি নেই এবং একই ইউনিয়নে শুণ্যের চর ও জাহাজমারা ইউনিয়নের কাটাখালিতে খুব কম সংখ্যক উত্তরদাতার নিজস্ব বসতভিটার আছে (যথাক্রমে ১.২% ও ২.০%)। অন্যদিকে, চর কিং ইউনিয়নের চর বগুলা এবং সুখ চর ইউনিয়নের ঢাল চর গ্রামে প্রায় প্রতেকের নিজস্ব বসতভিটা আছে (যথাক্রমে ৯৯.৪% ও ১০০%), যাদের মধ্যে পঞ্চাশ শতাংশের নিজস্ব আবাদি জমিও রয়েছে (যথাক্রমে ৫৩.৯% ও ৫১.৩%) [গ্রাফ ২ দ্রষ্টব্য]।

**গ্রাফ ২ঃ বসতভিটা ও আবাদি জমির মালিকানা**



উত্তরদাতা পরিবারের অনেকের নিজস্ব আবাদি জমি থাকলেও তার পরিমাণ খুব কম। তাদের প্রায় চুরানব্বই শতাংশের আবাদি জমির পরিমাণ অর্ধেক একরের নিচে; এরফলে তাদেরকে ভূমিহীন হিসেবে অভিহিত করা যায়। বিশেষ করে তামারুদ্দিন ইউনিয়নের আলাদি গ্রাম এবং বুড়ির চর ইউনিয়নেরআঠার বেকি, রেহানিয়া এবং রহমত বাজার এলাকায় অধিকাংশ উত্তরদাতা পরিবার ভূমিহীন। অন্যদিকে, মাত্র ০.১% উত্তরদাতা পরিবারের সাড়ে সাত একর এর বেশি পরিমাণ নিজস্ব জমিরয়েছে (সারণী ৬ দ্রষ্টব্য)।

**সারণী ৬ ঃ মালিকানাধীন জমির ভিত্তিতে উত্তরদাতাদের শ্রেণীবিভাগ**

| ইউনিয়নের নাম | ঝুঁকিপূর্ণ স্থান | ভূমিহীন [০.০০ - ০.৪৯ একর](%) | প্রান্তিক [০.৫০ - ১.৪৯ একর] (%) | ক্ষুদ্র [১.৫০ - ২.৪৯ একর] (%) | মাঝারী [২.৫০ - ৭.৪৯ একর] (%) | বড় [৭.৫০ একরের বেশি] (%) |
|---|---|---|---|---|---|---|
| তামারুদ্দিন | আঠার বেকী | ১০০.০ | - | - | - | - |
| | উত্তর করালিয়া | ৯৯.৩ | - | ০.৭ | - | - |
| | দক্ষিণ করালিয়া | ৯২.৮ | ২.২ | ৫.০ | - | - |
| | ক্ষিরোদিয়া | ৯৬.৬ | ২.১ | ১.৪ | - | - |
| বুড়ির চর | আলাদি গ্রাম | ১০০.০ | - | - | - | - |
| | আসকা বাজার | ১০০.০ | - | - | - | - |
| | দক্ষিণ বড় দেইল | ৯৮.৮ | ০.৪ | ০.৮ | - | - |
| | পূর্ব বড় দেইল | ৯৮.১ | ১.৪ | - | ০.২ | ০.২ |
| | রেহানিয়া | ১০০.০ | - | - | - | - |
| | রহমত বাজার | ১০০.০ | - | - | - | - |
| | শুণ্যের চর | ৯৯.৬ | ০.৪ | - | - | - |
| চর ঈশ্বর | পন্ডিত গ্রাম | ৯৮.৪ | ০.৩ | ১.৩ | - | - |
| | বাংলা বাজার | ৯৮.৩ | ০.৪ | ১.৩ | - | - |
| | রাজারহাওলা | ৯৯.৬ | - | ০.৪ | - | - |
| | লম্বরিয়া | ৯৫.৪ | ০.৮ | ৩.৮ | - | - |
| নলছিরা | উত্তর নলছিরা | ৭১.৭ | ৯.২ | ১৬.৭ | ২.৫ | - |
| | কলাপাড়া | ৮৬.৬ | ১.৬ | ১০.২ | ১.৬ | - |
| সোনাদিয়া | উত্তর মাইজচরা | ৯১.২ | ৩.২ | ৪.০ | ১.৬ | - |
| | দক্ষিণ মাইজচরা | ৮৫.৬ | ৭.২ | ৫.০ | ১.৭ | ০.৬ |
| | চর চেঙ্গা | ৯০.৭ | ৪.০ | ২.৭ | ১.৭ | ১.০ |
| জাহাজমারা | কাঠাখালী | ৯৫.০ | ২.৭ | ২.৩ | - | - |
| সুখ চর | কাঁহার পাড়া | ৯৮.৮ | ০.৯ | ০.৩ | - | - |
| | চর আমানুল্লাহ | ৮৯.৮ | ২.৩ | ৭.৯ | - | - |
| | ঢাল চর | ৫০.০ | ৮.৮ | ৪০.০ | ১.৩ | - |
| চর কিং | চর বগুলা | ৫২.৭ | ১৪.৫ | ৩১.৫ | ১.২ | - |
| | জেলেপাড়া | ৯৪.৪ | ১.২ | ৪.০ | - | ০.৪ |
| | শুল্লুকিয়া | ৮৩.০ | ৬.৮ | ৮.৮ | ১.৪ | - |
| | **সকল ঝুঁকিপূর্ণ স্থান** | **৯৪.০** | **২.০** | **৩.৬** | **০.৪** | **০.১** |

## ৪.৪.সামাজিক নিরাপত্তা বলয়ের অন্তর্ভুক্ত উত্তরদাতা পরিবার

খুব অলপ সংখ্যক উত্তরদাতা পরিবার (২.৪২%) সরকারের সামাজিক নিরাপত্তা বলয়ের অন্তর্ভুক্ত। তারা বয়স্ক ভাতা, জেলে ভাতা সহ কিছু সুবিধা পান যার কোনটিই ১ শতাংশের বেশি নয় যা হাতিয়ার মতো একটি দুর্যোগপ্রবণ এলাকায়, যেখানে প্রায় চুরানব্বই শতাংশই ভূমিহীন দরিদ্র শ্রেণির মানুষ, নিতান্তই অপ্রতুল (সারণী ৭ দ্রষ্টব্য)।

**সারণী ৭ ঃ ধরণ অনুসারে সামাজিক নিরাপত্তা বলয় সহায়তা**

| সহায়তার ধরণ | % |
|---|---|
| কৃষি কার্ড | ০.২২ |
| জেলে কার্ড | ০.৭৩ |
| ভিজিডি কার্ড | ০.০২ |
| প্রতিবন্ধী ভাতা | ০.১৩ |
| বিধবা ভাতা | ০.৩৭ |
| বয়স্ক ভাতা | ০.৭৮ |
| ভিজিএফ কার্ড | ০.০৮ |
| মুক্তিযোদ্ধা ভাতা | ০.০৩ |
| মোট | ২.৪২ |

## ৪.৫. উত্তরদাতা পরিবারেরদুর্যোগ পূর্বাভাস প্রাপ্তির সুযোগ

দুর্যোগে ক্ষয়ক্ষতি হ্রাসের জন্য দুর্যোগ পূর্বাভাস খুবই গুরুত্বপূর্ণ। জরিপকৃত এলাকার কেবলমাত্র সত্তর শতাংশ (৬৮.৩%) পরিবারেরদুর্যোগের পূর্বাভাস (যেমন- পতাকা উত্তোলন, মেগাফোনে ঘোষনা, মাইকে ঘোষনা, সাইরেন, বাড়ি বাড়ি গিয়ে জানানো) প্রাপ্তির সুযোগ রয়েছে। এর মধ্যে সুখচর ইউনিয়নের ঢাল চর ও কাঁহার পাড়া, এবং চর ঈশ্বর ইউনিয়নের বাংলা বাজার ও লম্বরিয়া এলাকায়বিশ শতাংশেরও কম (যথাক্রমে ০.০%, ৯.২%, ১০.০% ও ১৬.৯%) পরিবার সতর্কত সংকেত পেয়ে থাকেন। অন্যদিকে, তামারুদ্দিন ইউনিয়নের ক্ষিরোদিয়া ও দক্ষিণ করালিয়া, নলছিরা ইউনিয়নের উত্তর নলছিরা ও কলা পাড়া এবং চর কিং ইউনিয়নের চর বগুলার প্রত্যেকেই দুর্যোগের সতর্কত সংকেত পেয়ে থাকেন(সারণী৮ দ্রষ্টব্য)।

**সারণী৮ ঃ সরকারিভাবে প্রচারিত দুর্যোগ পূর্বাভাস প্রাপ্তির সুযোগ**

| ইউনিয়নের নাম | ঝুঁকিপূর্ণ স্থান | মোট পরিবারের সংখ্যা | সতর্ক সংকেত পান (%) |
|---|---|---|---|
| তামারুদ্দিন | আঠার বেকী | ২০০ | ৯২.৫ |
| | উত্তর করালিয়া | ১৪৬ | ৯৭.৩ |
| | দক্ষিণ করালিয়া | ১৩৯ | ১০০.০ |
| | ক্ষিরোদিয়া | ১৪৫ | ১০০.০ |
| বুড়ির চর | আলাদি গ্রাম | ২৬০ | ৯৪.৬ |
| | আসকা বাজার | ৩৩৫ | ৪১.৫ |
| | দক্ষিণ বড় দেইল | ২৫৫ | ৯৩.৭ |
| | পূর্ব বড় দেইল | ৪২৪ | ৫৪.৫ |
| | রেহানিয়া | ৩৫০ | ৫০.৩ |
| | রহমত বাজার | ২০০ | ৬৯.৫ |
| | শুণ্যের চর | ২৫৩ | ৪৭.৮ |
| চর ঈশ্বর | পন্ডিত গ্রাম | ৩১২ | ৯৩.৩ |
| | বাংলা বাজার | ২৩৮ | ৯.২ |
| | রাজারহাওলা | ২২৩ | ৮১.৬ |
| | লম্বরিয়া | ১৩০ | ১৬.৯ |

| | | | |
|---|---|---|---|
| নলছিরা | উত্তর নলছিরা | ১২০ | ১০০.০ |
| | কলাপাড়া | ১২৭ | ১০০.০ |
| সোনাদিয়া | উত্তর মাইজচরা | ১২৫ | ৬৮.০ |
| | দক্ষিণ মাইজচরা | ১৮০ | ৯৮.৩ |
| | চর চেঙ্গা | ৩০০ | ৯৮.৩ |
| জাহাজমারা | কাঠাখালী | ২৯৯ | ২২.১ |
| সুখ চর | কাঁহার পাড়া | ৩৩০ | ১০.০ |
| | চর আমানুলাহ | ২৬৫ | ৯৯.৬ |
| | ঢাল চর | ৮০ | ০.০ |
| চর কিং | চর বগুলা | ১৬৫ | ১০০.০ |
| | জেলেপাড়া | ২৫২ | ৮০.২ |
| | শুলুকিয়া | ১৪৭ | ৯৯.৩ |
| **সকল ঝুঁকিপূর্ণ স্থান** | | **৬০০০** | **৬৮.৩** |

## ৪.৬. উত্তরদাতা পরিবারেররেডিও সম্প্রচার শোনার সুযোগ

দুর্যোগের পূর্ব সতর্কতা ও করণীয় সম্পর্কে পরামর্শ প্রচারে রেডিও একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। রেডিও দুর্যোগ পূর্ব সতর্কতার পাশাপাশি দুর্যোগ পূর্ব প্রস্তুতি এবং দুর্যোগের সময় করণীয় ও নির্দেশাবলী সম্প্রচার করে থাকে। অথচ, দুর্যোগপ্রবণ এলাকার অধিবাসি হওয়া সত্ত্বেও উত্তরদাতাদের নিরানব্বই শতাংশই (৯৯.২%) রেডিও শোনেন না বলে জানিয়েছেন। কেবলমাত্র কয়েকজন উত্তরদাতা রেডিও ও মোবাইল সেটের মাধ্যমে রেডিও সম্প্রচার শুনে থাকেন যার সংখ্যা নিতান্তই নগণ্য (০.৪%)। বুড়ির চর ইউনিয়নের পূর্ব বড় দেইল এলাকায় রেডিও (৫.০%) ও মোবাইল সেটের মাধ্যমে (৪.৭%) রেডিও সম্প্রচার শোনার সংখ্যা সর্বোচ্চ (সারণী ৯ দ্রষ্টব্য)। রেডিও না শোনার কারণ হিসেবে অনেকেই তাদের নিজস্ব অথবা আশেপাশে কোথাও রেডিও সেট না থাকার কথা জানালেও, রেডিওতে নিজেদের প্রয়োজনীয় তথ্য না পাওয়াকেও দায়ী করেছেন অনেকে। কিছু সংখ্যক মানুষ টেলিভিশন রয়েছে বিধায় রেডিও ব্যবহার করেন না।

**সারণী৯ ঃ উত্তরদাতা পরিবার কর্তৃক রেডিও সম্প্রচার শোনা**

| ইউনিয়নেরনাম | ঝুঁকিপূর্ণ স্থান | রেডিও শোনেন না (%) | রেডিও সেটের মাধ্যমে শোনেন (%) | মোবাইল সেটের মাধ্যমে শোনেন (%) |
|---|---|---|---|---|
| তামারুদ্দিন | আঠার বেকী | ১০০.০ | - | - |
| | উত্তর করালিয়া | ১০০.০ | - | - |
| | দক্ষিণ করালিয়া | ১০০.০ | - | - |
| | ক্ষিরোদিয়া | ১০০.০ | - | - |
| বুড়ির চর | আলাদি গ্রাম | ৯৯.২ | - | ০.৮ |
| | আসকা বাজার | ১০০.০ | - | - |
| | দক্ষিণ বড় দেইল | ১০০.০ | - | - |
| | পূর্ব বড় দেইল | ৯০.৩ | ৫.০ | ৪.৭ |
| | রেহানিয়া | ১০০.০ | - | - |
| | রহমত বাজার | ৯৯.৫ | ০.৫ | - |
| | শুণ্যের চর | ৯৯.৬ | ০.৪ | - |
| চর ঈশ্বর | পন্ডিত গ্রাম | ১০০.০ | - | - |
| | বাংলা বাজার | ১০০.০ | - | - |
| | রাজারহাওলা | ১০০.০ | - | - |
| | লম্বরিয়া | ১০০.০ | - | - |

| | | | | |
|---|---|---|---|---|
| নলছিরা | উত্তর নলছিরা | ১০০.০ | - | - |
| | কলাপাড়া | ১০০.০ | - | - |
| সোনাদিয়া | উত্তর মাইজচরা | ১০০.০ | - | - |
| | দক্ষিণ মাইজচরা | ১০০.০ | - | - |
| | চর চেঙ্গা | ১০০.০ | - | - |
| জাহাজমারা | কাঠাখালী | ১০০.০ | - | - |
| সুখ চর | কাঁহার পাড়া | ৯৯.১ | ০.৬ | ০.৩ |
| | চর আমানুল্লাহ | ১০০.০ | - | - |
| | ঢাল চর | ৯৯.২ | - | ০.৮ |
| চর কিং | চর বগুলা | ১০০.০ | - | - |
| | জেলেপাড়া | ১০০.০ | - | - |
| | শুল্লুকিয়া | ১০০.০ | - | - |
| **সকল ঝুঁকিপূর্ণ স্থান** | | **৯৯.২** | **০.৪** | **০.৪** |

## ৪.৭. উত্তরদাতা পরিবারে রেডিও শ্রোতাক্লাব প্রতিষ্ঠার আগ্রহ ও সুযোগ

রেডিও সম্প্রচার শোনার পরিবেশ সৃষ্টির মাধ্যমে দুর্যোগকালীন প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ প্রাপ্তি নিশ্চিত করার ক্ষেত্রে রেডিও শ্রোতা ক্লাবগুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে। কিন্তু জরিপকৃত এলাকার বাড়িগুলোতে ক্লাব প্রতিষ্ঠার পরিবেশ না থাকা এই সুযোগ সৃষ্টির অন্যতম অন্তরায়। উত্তরদাতাদের প্রায় অধিকাংশই (৯৪.৯%) শ্রোতা ক্লাব প্রতিষ্ঠায় আগ্রহী হলেও নিজ বাড়িতে ক্লাব গঠনের সুযোগ রয়েছে কেবল মাত্র ত্রিশ শতাংশের (২৯.৫%) [টেবিল ১০ দ্রষ্টব্য]। উত্তরদাতাদের অধিকাংশই হত দরিদ্র এবং তাদের নিজস্ব অথবা আশেপাশে কোথাও রেডিও সেট না থাকাও এ অবস্থা সৃষ্টির জন্য অনেকাংশে দায়ী। এক্ষেত্রে, পরিরারগুলোকে রেডিও সেট প্রদান রেডিও শ্রোতাক্লাব প্রতিষ্ঠায় সহায়ক হতে পারে। এছাড়া, যে সকল স্থানে লোক সমাগম বেশি ঘটে, যেমন চায়ের দোকানেও রেডিও সেট প্রদানের মাধ্যমে রেডিও শ্রোতাক্লাব প্রতিষ্ঠা করা যেতে পারে।

**সারণী ১০ ঃ উত্তরদাতা পরিবারসমূহে রেডিও শ্রোতাক্লাবপ্রতিষ্ঠারআগ্রহ ও সুযোগ**


| ইউনিয়নেরনাম | ঝুঁকিপূর্ণ স্থান | শ্রোতা ক্লাব প্রতিষ্ঠায় আগ্রহী(%) | নিজ বাড়িতে ক্লাব গঠনের সুযাগ (%) |
|---|---|---|---|
| **তামারুদ্দিন** | আঠার বেকী | ১০০.০ | ০.০ |
| | উত্তর করালিয়া | ১০০.০ | ০.০ |
| | দক্ষিণ করালিয়া | ১০০.০ | ০.০ |
| | ক্ষিরোদিয়া | ১০০.০ | ০.০ |
| **বুড়ির চর** | আলাদি গ্রাম | ৯৫.৪ | ৩০.৮ |
| | আসকা বাজার | ৯৯.১ | ৫.৪ |
| | দক্ষিণ বড় দেইল | ৯৭.৩ | ৫.৯ |
| | পূর্ব বড় দেইল | ৯৬.২ | ১১.১ |
| | রেহানিয়া | ৭৫.১ | ৫.৭ |
| | রহমত বাজার | ১০০.০ | ৯.০ |
| | শুণ্যের চর | ৮১.৪ | ১.৬ |
| **চর ঈশ্বর** | পন্ডিত গ্রাম | ৯৯.৭ | ২২.৪ |
| | বাংলা বাজার | ৯৯.৬ | ২৪.৪ |
| | রাজারহাওলা | ৯৯.১ | ২.৭ |
| | লম্বরিয়া | ৯৯.২ | ৪৬.২ |

| | | | |
|---|---|---|---|
| **নলছিরা** | উত্তর নলছিরা | ১০০.০ | ৯০.৮ |
| | কলাপাড়া | ৮৮.২ | ৫৫.১ |
| **সোনাদিয়া** | উত্তর মাইজচরা | ৯৯.২ | ৬৮.০ |
| | দক্ষিণ মাইজচরা | ১০০.০ | ৮৮.৯ |
| | চর চেঙ্গা | ১০০.০ | ৮১.৭ |
| **জাহাজমারা** | কাঠাখালী | ৯৮.৩ | ৭৬.৩ |
| **সুখ চর** | কাঁহার পাড়া | ৯৯.৪ | ৫১.৫ |
| | চর আমানুল্লাহ | ৯৬.২ | ৪৭.২ |
| | ঢাল চর | ৯৭.৫ | ১৭.৫ |
| **চর কিং** | চর বগুলা | ৮১.২ | ৪৬.১ |
| | জেলেপাড়া | ৯৩.৩ | ২২.৬ |
| | শুল্লুকিয়া | ৬৯.৪ | ২৩.৮ |
| | **সকল ঝুঁকিপূর্ণ স্থান** | **৯৪.৯** | **২৯.৫** |

## ৪.৮. আশ্রয়কেন্দ্রের অবস্থান এবং গমনোপযোগিতা

হাতিয়া একটি ঘূর্ণিঝড় প্রবণ দ্বীপ হওয়ায় এখানে বেশকিছু আশ্রয়কেন্দ্র রয়েছে। জরিপকৃত এলাকার প্রায় সত্তর শতাংশ (৬৬.৮%) বাড়িঘরই তাদের নিকটস্থ আশ্রয়কেন্দ্রের ১ কিলোমিটারে মধ্যে হলেও প্রায় এক-চতুর্থাংশ (২৬.৩%) উত্তরদাতাই দুর্যোগের সময় সেখানে যান না। এর কারণ হিসাবে তারা বলেছেন যে, আশ্রয়কেন্দ্রে পর্যাপ্ত পরিমাণ জায়গা নাই, আশ্রয়কেন্দ্রে যাওয়ার রাস্তা খারাপ, বিশেষ করে শিশু ও নারীদের জন্য আশ্রয়কেন্দ্রে সুরক্ষা এবং নিরাপত্তার অভাব। কয়েকজন নারী উল্লেখ করেছেন যে, তাদের স্বামী তাদেরকে আশ্রয়কেন্দ্রে যেতে নিষেধ করেছেন। কিছু সংখ্যক মানুষ আশ্রয়কেন্দ্র সম্পর্কে জানেনই না বলে জানিয়েছেন (গ্রাফ৩ দ্রষ্টব্য)।

**গ্রাফ ৩ঃ আশ্রয়কেন্দ্রের  দূরত্ব ও গমনোপযোগিতা**



# ৫. উপসংহার

হাতিয়া বঙ্গোপসাগরের একটি দ্বীপ। ভৌগলিক অবস্থান ও বৈশিষ্ট্যগত কারণেই হাতিয়া উপজেলা প্রতিবছরবিভিন্ন ধরণের প্রাকৃতিক আপদের (যেমন- ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বন্যা, নদীভাঙ্গন, টর্নেডো) মুখোমুখি হয়। জরিপটির উত্তরদাতা হিসেবে নির্বাচন করা হয়েছে বিপদাপন্ন পরিবারসমূহকে, যারা প্রকল্পের সরাসরি সুবিধাভোগী। তাদের জীবিকার উপায়সমূহ ভঙ্গুর এবং প্রাকৃতিক আপদে বিপদাপন্ন। তাদের আয়ের পরিমাণ খুব কম এবং অনিশ্চিত। তাদের মধ্যে খুব অল্প সংখ্যকই সরকারি সহায়তা পেয়ে থাকেন। এছাড়া, তারা অনিরাপদ স্থানে বাস করে। তাদের অনেকেরই ববাস বাঁধের বাইরে এবং নদীর কাছাকাছি। একারণে তারা ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, নদীভাঙ্গনের ঝুঁকিতে থাকে। উপরন্তু তাদের অনেকেই ঘূর্ণিঝড়ের পুর্বাভাস সেবা হতে বঞ্চিত।

রেডিও'র মাধ্যমে ঘূর্ণিঝড় পুর্বাভাস ও দুর্যোগ ঝুঁকিহ্রাস সংক্রান্ত তথ্য তাদের কাছে পৌছানো সম্ভব হলে তাদের ঝুঁকি হ্রাসের পাশাপাশি সক্ষমতা বৃদ্ধিতেও এটি সহায়তা করবে। যদিও বর্তমানে তাদের রেডিও শোনার সুযোগ খুব সীমিত, কিন্তু তাদের এলাকায় রেডিও শ্রোতা ক্লাব গঠনে তারা খুব আগ্রহী। এক্ষেত্রে, পরিরারগুলোতে রেডিও সেট প্রদান ও রেডিও শ্রোতাক্লাব প্রতিষ্ঠার মাধ্যমে তাদের রেডিও শোনার সুযোগ বৃদ্ধি করে তাদের জন্য দুর্যোগকালীন প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ প্রাপ্তি নিশ্চিত করা যেতে পারে। এর মাধ্যমে প্রতিনিয়ত দুর্যোগাক্রান্ত দ্বীপটির বিপদাপন্ন জনগোষ্ঠী দুর্যোগ মোকাবেলা করে বেঁচে থাকতে সক্ষম হবে।

# তথ্যসূত্র

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, জুন ২০১২, জনসংখ্যা ও বাড়ি আদমশুমারী ২০১১: কমিউনিটি রিপোর্ট - নোয়াখালী জেলা

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, জুন ২০১১, আদমশুমারী ২০১১, http://www.bbs.gov.bd/, তথ্য প্রাপ্তি- ৭ মার্চ ২০১৫

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মানচিত্র, http://www.lged.gov.bd/, তথ্য প্রাপ্তি- ৮ মার্চ ২০১৫

## পরিশিষ্ট ১: ইউনিয়ন অনুযায়ী ৬,০০০ উত্তরদাতা পরিবারের (বিপদাপন্ন) তালিকা

# পরিশিষ্ট ২: জরিপ কাজে অংশগ্রহণকারী স্বেচ্ছাসেবীদের তালিকা